

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

ভবন নির্মাণ ও সংস্কার কাজে ফাঁকিবাজি, চলছে নানা দুর্নীতিও

বাকী বিদ্যাহ

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নতুন ভবন নির্মাণ ও সংস্কার নিয়ে ব্যাপক জালিয়াতি চলছে। এ জালিয়াতির সঙ্গে অসাধু প্রকৌশলী ও ঠিকাদাররা জড়িত। অপর দিকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডিগ্রীমা প্রকৌশল সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সাধারণ সম্পাদক মো. সেলিম হোসেনের বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। তবে তিনি বলেন, তার বিরুদ্ধে আন সব অভিযোগ মিথ্যা। ঢাকায় তার ফ্ল্যাট-বাড়ি থাকার কথা স্বীকার করেন। সরকারি ইউন বিশ্ববিদ্যালয় কলেজের নতুন

ভবন নির্মাণ ও পুরনো ভবন সংস্কার নিয়ে শুরুতে অনিয়মের অভিযোগ উঠেছে। জানা গেছে, ইউন কলেজে ১ হাজার শয্যাবিশিষ্ট স্ট্রোস্টেল নির্মাণ কাজ করার জন্য ২৫ কোটি টাকার টেন্ডার দেয়া হয়েছে। এ কাজের তদারকির

চলছে : নানা দুর্নীতি

(১ম পৃষ্ঠার পর)

দায়িত্ব দেয়া হয়েছে প্রকৌশলী নেতা সেলিম হোসেনকে। এ ব্যাপারে প্রকৌশলী সেলিম হোসেনের সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, নির্মাণ কাজ এখনও শুরুই হয়নি, কি করে তদারকির মাধ্যমে লাখ লাখ টাকা লুটপাট করব। কাজটি ভালভাবে দেখার জন্য আমাকে দায়িত্ব দেয়া হয়েছে। অনিয়মের অভিযোগ মিথ্যা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের একটি মহল সিডিকেট করে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করছে। অপর এক সূত্র জানায়, হাজারীবাগ লেদার টেকনোলজি কলেজের ১০ কোটি টাকার উন্নয়নমূলক কাজ নিয়ে বিগত জোট সরকারের আমলে অনিয়ম ও লুটপাট হয়েছে। দুর্নীতির অভিযোগে যেকোনরকম সাবেক সাংসদ নাসির উদ্দিন পিন্টু ও তার এক ভাই ওই লেদার টেকনোলজির নতুন ভবন নির্মাণ কাজের ঠিকাদার হিসেবে কাজ করেছে।

বৌজ নিয়ে জানা গেছে, ময়মনসিংহের গফুরগাঁও সরকারি কলেজের স্ট্রোস্টেল নির্মাণ কাজ নিয়ে চলছে হরিপুট। কাজ শেষ না করেই প্রকৌশলী ও ঠিকাদার পরস্পর যোগসাজশে বিল হাতিয়ে নিয়েছে বলে জানা গেছে। এ ব্যাপারে গত ১৫ মে ময়মনসিংহ জেলের শিক্ষা প্রকৌশলীর দপ্তর থেকে প্রধান প্রকৌশলীর দপ্তরে লিখিত চিঠি পাঠানো হয়েছে, চিঠিতে বলা হয়েছে, ছাত্রাবাস নির্মাণ শেষ না করেই চূড়ান্ত বিলসম্মত জামানতের টাকা ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে।

প্রকৌশল অধিদপ্তরের অসাধু কর্মকর্তাদের যোগসাজশে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে বড় খরনের নতুন জেনারেটরের স্থলে পুরনো জেনারেটর লাগিয়ে বিল হাতিয়ে নেয়া হয়েছে বলে জানা গেছে। প্রকৌশল অধিদপ্তরের একজন পিএ এ জালিয়াতির সঙ্গে জড়িত রয়েছে। এ জালিয়াতির ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা চলছে।